


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.১৫.০৫.০০৫.২০১১-৬৬৪

তারিখঃ ২২/০৫/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের শূন্য আসনে উপ-নির্বাচন অনুষ্ঠান প্রসঙ্গে।

সূত্র :

- (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৭৭৩, তারিখঃ ২১/০৬/২০১৫
- (২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.১০.০০০.০৭৯.৪০.০০২.১৫ (অংশ-১)-১৭৪, তাং-০৪/১০/২০১৫খ্রিঃ
- (৩) আইন ও বিচার বিভাগের স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.৫২৯.১৫-৪৬৩, তাং-০১/১২/২০১৫খ্রিঃ
- (৪) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.১৫.০৫.০০৫.২০১১-৩৪ তাং- ০৩/০১/২০১৬খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কফিল উদ্দিনকে সূত্রোক্ত ১নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনমূলে গত ২১/০৬/২০১৫ তারিখে অপসারণ করা হয়। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ অনুযায়ী অপসারণের তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠানের বিধান রয়েছে। কিন্তু নির্বাচন কমিশন কর্তৃক যথাসময়ে নির্বাচনের উদ্যোগ গ্রহণ না করায় নির্ধারিত সময় অতিক্রান্ত হয়ে যায়।

সাভার উপজেলা পরিষদ চেয়ারম্যানের শূন্য পদে নির্বাচনের বিষয়ে নির্বাচন কমিশনকে তাগিদ প্রদান করা হয়। তদুপরবর্তীতে নির্বাচন কমিশন কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে শূন্য আসনে উপ-নির্বাচন করার নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৭১ এবং ৭২ অনুযায়ী পরবর্তী করণীয় বিষয়ে স্থানীয় সরকার বিভাগের মতামত জানতে চাওয়া হয়।

তদুপেক্ষিতে বর্ণিত বিষয়ে আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত মতামত অনুযায়ী নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ এর ০৩/০১/২০১৬ তারিখের ৩৪নং স্মারকে নির্বাচন কমিশনকে অবহিত করা হয়। কিন্তু নির্বাচন কমিশন কর্তৃক সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য আসনে অদ্যাবধি উপ-নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে কোন দৃশ্যমান অগ্রগতি জানা যায়নি।

এমতাবস্থায়, ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য আসনে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্ধারিত সময় অতিক্রান্ত হয়ে যাওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৭১ এবং ৭২ অনুযায়ী আইন ও বিচার বিভাগ এর মতামতের ভিত্তিতে চেয়ারম্যান পদের উপ-নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়,
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।